সমকাল

16 OCT 2025

# লিড সনদ পেল দেশের আরও ৫ কারখানা

সমকাল প্রতিবেদক

পরিবেশবান্ধব সবুজ কারখানা হিসেবে আন্তর্জাতিক স্বীকৃতি ‘লিডারশিপ ইন এনার্জি অ্যান্ড এনভায়রনমেন্টাল ডিজাইন’ (লিড) সনদ পেয়েছে দেশের আরও ৫ পোশাক কারখানা। যুক্তরাষ্ট্রের ইউএস গ্রিন বিল্ডিং কাউন্সিল (ইউএসজিবিসি) এ সনদ দিয়ে থাকে। এ নিয়ে দেশে লিড সনদের কারখানার সংখ্যা দাঁড়াল ২৬৮টিতে।

নতুন করে লিড সনদ পাওয়া কারখানার একটি হচ্ছে সাভারের পাকিজা নিট কম্পোজিট। লিডের ১১০ স্কোরের মধ্যে এই কারখানাটি ৮৭ পেয়ে লিডের মধ্যে প্লাটিনাম সনদ পেয়েছে। একই স্কোর পেয়ে লিডের প্লাটিনাম সনদ পেয়েছে ঢাকার ফ্যাশন পালস। ঢাকার জাভা প্রাইভেট লিমিটেডও একই স্কোর এবং সনদ পেয়েছে। বাকি কারখানা দুটি গোল্ড সনদ পেয়েছে। এর মধ্যে চট্টগ্রামের ভিজ্যুয়াল নিটওয়্যারস পেয়েছে ৭৬। এ ছাড়া লিড সনদ পাওয়া তালিসম্যান পারফরম্যান্স কারখানার স্কোর হচ্ছে ৬২।

ইউএসজিবিসির নিয়ম অনুযায়ী, মোট ১১০ স্কোরের মধ্যে কোনো কারখানা ৮০ এর বেশি পেলে লিড প্লাটিনাম, ৬০-৭৯ পেলে লিড গোল্ড, ৫০-৫৯ পেলে লিড সিলভার এবং ৪০-৪৯ স্কোর পেলে সাধারণ লিড সার্টিফায়েড সনদ দেওয়া হয়।

লিড সনদ পাওয়া দেশের ২৬৮টি কারখানার মধ্যে ১১৪টিই প্লাটিনাম ক্যাটেগরির। ১৩৫টি গোল্ড, ১০টি সিলভার ও ৪টি সাধারণ লিড সনদ ক্যাটেগরির কারখানা। বর্তমানে বিশ্বের শীর্ষস্থানীয় ১০০ পরিবেশবান্ধব কারখানার ৬৮টি বাংলাদেশে অবস্থিত।

বাণিজ্য তথ্য কেন্দ্র ★ রপ্তানি উন্নয়ন ব্যুরো ★
ঢাকা।

প্রথম আলো

16 OCT 2025



রাজধানীতে চলছে পাঁচ দিনের আসবাবপত্র মেলা। এই মেলা উপলক্ষে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলো ক্রেতাদের বিশেষ মূল্য ছাড় দিচ্ছে। মেলায় পছন্দের আসবাব দেখছেন আগ্রহী কয়েকজন ক্রেতা। গতকাল রাজধানীর ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায়। ছবি : মীর হোসেন

# এক ছাতায় ৪৮ ব্র্যান্ড, ফার্নিচারে ছাড়

## জাতীয় ফার্নিচার মেলা

মেলা আগামী শনিবার পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৯টা পর্যন্ত খোলা থাকবে।

**নিজস্ব প্রতিবেদক**, *ঢাকা*

ঢাকার ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায় (আইসিসিবি) এখন চলতি জাতীয় ফার্নিচার মেলা, যেখানে এক ছাদের নিচে রয়েছে ৪৮টি ব্র্যান্ডের ২৭৮টি স্টল। সাজিয়ে রাখা হয়েছে সোফা, ড্রয়িং ও ডাইনিং টেবিল, আলমারি, ওয়ার্ডরোব, চেয়ার-টেবিল, দোলনাসহ নানা ধরনের আসবাবপণ্য। এসব পণ্যে ৫ থেকে ১৫ শতাংশ পর্যন্ত ছাড় দিচ্ছে প্রতিষ্ঠানগুলো।

'আমার দেশ, আমার আশা—দেশীয় ফার্নিচারে সাজাবো বাসা' স্লোগানে আয়োজিত এ মেলা শুরু হয় গত মঙ্গলবার। বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতি আয়োজিত এ মেলা প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৯টা পর্যন্ত সবার জন্য উন্মুক্ত। মেলা শেষ হবে আগামী শনিবার।

গতকাল বুধবার মেলা ঘুরে দেখা গেছে, প্রতিটি ব্র্যান্ডই তাদের প্রচলিত ডিজাইনের পাশাপাশি নতুন ডিজাইনের ফার্নিচারও নিয়ে এসেছে। ক্রেতাদের আকৃষ্ট করতে তাদের বিশেষ ছাড় ও অফার রয়েছে। অংশগ্রহণকারী ব্র্যান্ডগুলোর মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি হলো—আখতার, হাতিল, ব্রাদার্স, নাদিয়া, জেএমজি, নাভানা, অ্যাথেনাস, পারটেক্স, রিগ্যাল, লেগাসি ইত্যাদি। মেলায় ক্রেতা-দর্শনার্থীদের ভালো সমাগম দেখা গেছে। তাঁদের অনেকেই পছন্দের ফার্নিচার কিনছেন, কেউ আবার কোন ব্র্যান্ড কত ছাড় দিচ্ছে, সে খবর নিয়ে বাসায় ফেরেন।

বিক্রেতাদের আশা, আগামীকাল শুক্রবার ও শনিবার সরকারি ছুটি থাকায় মেলায় ক্রেতা-দর্শনার্থীর উপচে পড়া ভিড় হবে। প্রথম দুদিনেও অনেক স্টলে ক্রেতারা ভিড় করেন। হাতিলের বিক্রয় কর্মকর্তা মো. শাহীন জানান, মেলায় তাঁরা ৫ শতাংশ ছাড় দিচ্ছেন। অন্য সময় ছাড় না থাকায় এখন ক্রেতারা পছন্দের পণ্য নিতে আসছেন। তাঁদের স্টলে ১৫টির বেশি নতুন ডিজাইনের পণ্য রয়েছে। এর মধ্যে একটি শোকেস-কাম-ওয়ার্ডরোবের দাম ১ লাখ ৯০০ টাকা। তবে মেলায় ছাড়ে পাওয়া যাচ্ছে ৯৫ হাজার ৮৫৫ টাকায়। চাইলে ১২ কিস্তিতেও কেনা যাবে।

ব্রাদার্স ফার্নিচারও দিচ্ছে ৫ থেকে ১৫ শতাংশ ছাড়। তাদের নতুন ডিজাইনের অস্টিন খাটের দাম সাড়ে ৫২ হাজার টাকা।

গাজীপুর থেকে স্ত্রী-সন্তানসহ আসা ফরিদ আক্তার বলেন, পছন্দ হলে পরে কিনবেন। উত্তরার দম্পতি বলেন, 'একটা আলমারি পছন্দ হয়েছে, দাম ৪২ হাজার টাকা। ছাড়ে ৩৪ হাজারে নেমেছে। ৩২ হাজারে দিলে আমরা নেব।'

নাদিয়া ফার্নিচারের সিনিয়র সেলস অফিসার মেহেদী হাসান মনে করেন, আসন্ন বাণিজ্য মেলায়ও নতুন ডিজাইন দেখানোর ক্ষেত্রে এই মেলা গুরুত্বপূর্ণ। তিনি জানান, মেলা উপলক্ষে সারা দেশে তাঁদের শোরুমগুলোতেও ১০ শতাংশ ছাড় চলছে।

পারটেক্স ফার্নিচারের সিনিয়র এক্সিকিউটিভ রোমান মোল্লা জানান, পণ্যভেদে তাঁরা কিছুটা ছাড় দিচ্ছেন। ওমেগা ফার্নিচারের ম্যানেজার (সেলস) সাখাওয়াত হোসেন বলেন, 'আমাদের ১ লাখ টাকার সোফা এখন ৮০ থেকে ৮৫ হাজার টাকায় বিক্রি হচ্ছে।'

মেলায় নাভানা, হাতিম ও রিচ হোম ফার্নিচার ১৫ শতাংশ পর্যন্ত করে এবং রিগ্যাল, আখতার হাইটেক ও ডেল্টা ফার্নিচার ১০ শতাংশ করে ছাড় দিচ্ছে।

এ খাতের উপকরণ সরবরাহকারীরাও মেলায় আসছেন। তেমনই একজন মুন্সিগঞ্জের মো. আমানুল্লাহ। তিনি বলেন, 'নতুন ডিজাইন দেখতে এসেছি।' একইভাবে থিনার ও প্রিন্টিং কালি সরবরাহকারী হাসনাইন মুতাকাব্বির বলেন, 'ডিজাইনে অনেক আধুনিকতা এসেছে, পশ্চিমা ধাঁচের কাজ ও প্রযুক্তির ব্যবহার বাড়ছে।'

The Financial Express

16 OCT 2025

Easing imports

# BB to introduce 'Commercial Invoice' Nov 1

Bangladesh Bank (BB) has taken a decision to introduce a new mandatory reporting requirement within its existing Online Import Monitoring System (OIMS) to further ease the import trade process, reports BSS.

To this end, the central bank Wednesday issued a circular, announcing the introduction of a new reporting feature, a tab titled 'Commercial Invoice,' within the OIMS.

This measure, decided upon for the further facilitation of the import trade process, will require Authorized Dealers (ADs) to report detailed information.

The new requirement will become effective from November 1, 2025.

Currently, ADs are responsible for reporting import transaction and information into the OIMS of Bangladesh Bank.

With the introduction of the new tab, ADs will be required to report information specifically drawn from the commercial invoice and other relevant documents.

To ensure smooth compliance, ADs have been advised to follow the reporting procedures outlined in the system's dedicated guidelines.

It is important to note that the OIMS already functions with enhanced efficiency, having been integrated with designated Online Systems of the National Board of Revenue (NBR) through an Application Programming Interface (API).

16 OCT 2025

The Business Standard

# HSBC Forum discusses Cumilla as potential hub for export-oriented industries

TRADE - CUMILLA

**TBS REPORT**

The Hongkong and Shanghai Banking Corporation Limited (HSBC) Bangladesh recently hosted an exclusive forum in Cumilla titled "Partnerships for Progress: Unlocking New Trade Horizons".

The event explored the evolving global trade landscape, its implications for businesses, and how Bangladeshi companies can connect with international markets to leverage opportunities.

A wide range of participants attended, including representatives from multinational companies operating in Cumilla, foreign investors, and officials from BEPZA. Cumilla, home to the Cumilla Export Processing Zone (EPZ), is emerging as a key hub for Bangladesh's export-oriented industries.

Sanuja Herath, CEO of Brandix Bangladesh, one of Sri Lanka's largest apparel exporters serving leading global retail brands through the Cumilla EPZ, highlighted the group's decade-long experience operating in Bangladesh. "Bangladesh plays a central role in our global supply chain. Through our partnership with HSBC, we have grown together, with the bank supporting cross-border trade via its global network," he said.

Ahmad Rabiul Hasan, country head of Global Trade Solutions, HSBC Bangladesh, added, "Bangladesh is now the world's second-largest apparel exporter. To maintain this momentum, continued investment in digitisation, resilience, and supply chain efficiency is essential. At HSBC, we are simplifying processes and delivering solutions that support long-term competitiveness for our customers."

Omar Sharif, head of Chattogram Banking, HSBC Bangladesh, noted, "As the country advances towards LDC graduation and a dynamic middle-income economy, zones like Cumilla are central to its growth trajectory. HSBC's legacy is rooted in trade and connectivity, and we remain committed to supporting international businesses operating in Bangladesh with our global network, award-winning trade solutions, and deep local expertise."




**Sanuja Herath, CEO of Brandix Bangladesh, Ahmad Rabiul Hasan, country head of Global Trade Solutions, Omar Sharif, head of Chattogram Banking, and others attend a forum in Cumilla titled "Partnerships for Progress: Unlocking New Trade Horizons" on Wednesday.** PHOTO: COURTESY

The Business Standard

16 OCT 2025




**Sheikh Bashir Uddin, adviser to the Ministry of Commerce, inaugurates 5-day long 20th National Furniture Fair at the Rajdarshan Hall of the International Convention City Bashundhara (ICCB) in Kuril, Dhaka on Tuesday.** PHOTO: COURTESY

# 5-day 20th National Furniture Fair opens in Dhaka

BUSINESS - BANGLADESH

**TBS REPORT**

The five-day 20th National Furniture Fair 2025 officially began in Dhaka on Tuesday, marking a significant milestone for the country's growing furniture industry.

Organised under the slogan "My Country, My Hope—Decorate My Home with Local Furniture," the event serves as Bangladesh's largest platform for showcasing locally made furniture and innovations in design and craftsmanship.

Sheikh Bashir Uddin, adviser to the Ministry of Commerce, inaugurated the fair at the Rajdarshan Hall of the International Convention City Bashundhara (ICCB) in Kuril, Dhaka. The exhibition will run for five days across ICCB's Gulnaksha (Hall 1), Pushpoguchchho (Hall 2), and Rajdarshan (Hall 3).

Special guests at the opening ceremony included Mohammad Hasan Arif, vice chairman and chief executive of the Export Development Bureau (EPB), and KM Akhtaruzzaman, President of the Bangladesh Furniture Exporters Association.

In his address, Sheikh Bashir Uddin expressed optimism about the sector's potential, urging entrepreneurs to boost investment and utilise domestic resources to strengthen Bangladesh's position in the global furniture market. He emphasised the importance of such fairs in expanding exports and increasing international visibility.

Speaking at the event, Mohammad Hasan Arif highlighted the furniture industry as one of the most promising sectors in Bangladesh. He underscored the need for export diversification, innovation in design and technology, and continued government support to make the industry globally competitive.

This year, 48 leading furniture companies are participating in the fair, showcasing their latest collections across 278 stalls, reads a press release. Prominent brands include Akhtar, HATIL, Brothers, Nadia, Ayat, Omega, JMG, Navana, Athenas, Partex, Regal, and Legacy.

The fair also featured a children's drawing competition on the opening day, where 20 participants received prizes worth Tk200,000. The event is managed by the Design & Technology Centre, with Access Infotech as the event partner.

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো